বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)

৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

Website : www.bscic.gov.bd; E-mail : info@bscic.gov.bd

নং- ৩৬.০২.০০০০.০১৪.৯৯.৫৮৬.১৮. ৮৯(৮)

তারিখ: ২১ মাঘ ১৪৩১
০২ ফেব্রুয়ারি ২০২৫

শিল্পপ্লট বরাদ্দের বিজ্ঞপ্তি

কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতের উদ্যোক্তাদের শিল্প স্থাপনে সহায়তাকরণের লক্ষ্যে বিসিক শিল্পপার্ক, সিরাজগঞ্জে বিভিন্ন ধরণের অবকাঠামোগত সুবিধাসহ (বিদ্যুৎ, গ্যাস, পানি, ড্রেন, রাস্তা, কালভার্ট ইত্যাদি) শিল্পপ্লট বরাদ্দ প্রদান করা হবে। আগ্রহী শিল্প উদ্যোক্তাগণ বিসিক প্রধান কার্যালয়/সংশ্লিষ্ট আঞ্চলিক/জেলা/শিল্পপার্ক কার্যালয় বরাবর বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ৩০ দিনের মধ্যে আবেদন করতে পারবেন। আবেদনের তথ্যাবলী সংশ্লিষ্ট আঞ্চলিক/জেলা/শিল্পপার্ক কার্যালয় এবং বিসিকের ওয়েবসাইটে (www.bscic.gov.bd) পাওয়া যাবে। শিল্পপার্কের বরাদ্দযোগ্য শিল্পপ্লট সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

ক্রমিক	**শিল্পপার্কের নাম**	বরাদ্দযোগ্য শিল্পপ্লট সংখ্যা	একর প্রতি জমির মূল্য (লক্ষ টাকায়)
১	বিসিক শিল্পপার্ক, সিরাজগঞ্জ	২৭৯ টি	৩০০.০০

শিল্পপ্লট গ্রহণের সুবিধাসমূহ:

- শিল্পপার্কে ডাম্পিং ইয়ার্ড, গ্রিন জোন, ফায়ার সার্ভিস, মসজিদ, লেক ইত্যাদি সুবিধা;
- মহাসড়ক, রেল স্টেশন ও যমুনা নদীর পাশে অবস্থিত হওয়ায় কাঁচামাল ও উৎপাদিত পণ্য পরিবহনে সুবিধা;
- শিল্পপ্লট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে বন্ধক রেখে ঋণ গ্রহণ সুবিধা;
- ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে শিল্প নিবন্ধন ও ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (আইআরসি) সুপারিশ প্রাপ্তি।

মূল্য পরিশোধ সংক্রান্ত তথ্য:

- পুরুষ শিল্পোদ্যোক্তাদের ক্ষেত্রে প্লটের মূল্য এককালীন অথবা ৬ বছরে ১২ কিস্তিতে পরিশোধযোগ্য;
- নারী শিল্পোদ্যোক্তাদের ক্ষেত্রে প্লটের মূল্য এককালীন অথবা ৭ বছরে ১৪ কিস্তিতে পরিশোধযোগ্য;
- পুরুষ শিল্পোদ্যোক্তাদের ক্ষেত্রে আবেদনপত্র জমা দেয়ার সময় চাহিত প্লটের জমির মোট মূল্যের ২০% পে অর্ডার/ডিডি (সংশ্লিষ্ট শিল্পপার্ক কার্যালয়ের অনুকূলে) সংযুক্ত করতে হবে;
- নারী শিল্পোদ্যোক্তাদের ক্ষেত্রে আবেদনপত্র জমা দেয়ার সময় চাহিত প্লটের জমির মোট মূল্যের ১৫% পে অর্ডার/ডিডি (সংশ্লিষ্ট শিল্পপার্ক কার্যালয়ের অনুকূলে) সংযুক্ত করতে হবে।

উল্লেখ্য, "বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের (বিসিক) শিল্পনগরী/শিল্পপার্কে প্লট বরাদ্দ ও ব্যবস্থাপনা নীতিমালা-২০২৩" অনুযায়ী প্লট বরাদ্দ কার্যক্রম সম্পন্ন হবে।

০২/০২/২৫

(জি, এম, রব্বানী তালুকদার)
উপমহাব্যবস্থাপক
ফোন: ৪১০২৪৮৯৯
ই-মেইল: dgmie@bscic.gov.bd

বিতরণ

আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

(০১) আবেদনকারীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট আকারের ছবি (২ কপি);

(০২) উদ্যোক্তার জাতীয়তার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/জন্ম নিবন্ধনের কপি;

(০৩) হালনাগাদ ট্রেড লাইসেন্স;

(০৪) হালনাগাদ রিটার্ন দাখিলের প্রমাণকসহ আয়কর সার্টিফিকেট;

(০৫) বাস্তবায়ন তফসিল ও আর্থিক বিশ্লেষণসহ স্বয়ংসম্পূর্ণ প্রকল্প প্রস্তাবনা (বিল্ডিং ও মেশিনারী লে-আউট প্ল্যানের খসড়াসহ);

(০৬) নিজস্ব অর্থে প্রকল্প স্থাপনের ক্ষেত্রে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা এবং প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি প্রকাশের পূর্ববর্তী ০১ বছরের ব্যাংক লেনদেন প্রতিবেদন;

(০৭) প্রকল্প প্রস্তাবনায় উল্লিখিত বিনিয়োগযোগ্য প্রকল্প মূল্যের সর্বনিম্ন ৩০% অর্থের লেনদেন প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বের ০১ (এক) বছরের ব্যাংক লেনদেন প্রতিবেদনে থাকলে উদ্যোক্তার স্বচ্ছলতার প্রমাণক হিসেবে বিবেচিত হবে;

(০৮) অংশীদারিত্ব প্রকল্পের ক্ষেত্রে রেজিস্টার্ড অংশীদারী দলিল এবং অংশীদারদের সভার নোটারীকৃত রেজুলেশন;

(০৯) লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মসের রেজিস্ট্রেশন, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এন্ড আর্টিক্যালস অব এসোসিয়েশন, হালনাগাদ ফরম-১২ এবং কোম্পানীর পরিচালনা পর্ষদের সভার রেজুলেশন;

(১০) বিসিক শিল্পপার্ক, সিরাজগঞ্জের অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে জামানত বাবদ আবেদিত প্লটের মূল্যের ২০% অর্থের পে-অর্ডার/ডিডি;

(১১) বিসিক শিল্প নিবন্ধন সনদপত্র;

(১২) উদ্যোক্তার অভিজ্ঞতার সনদসহ জীবনবৃত্তান্ত;

উল্লেখ্য, বর্ণিত কাগজপত্রাদিসহ ০২ (দুই) সেট আবেদনপত্র জমা দিতে হবে এবং আবেদনের সাথে আবেদন ফরম ক্রয়ের রশিদ সংযুক্ত করতে হবে।

BSCIC Industrial Park, Sirajganj

The Selected Plot Area is 94.99 Acre.			
Code	Plot Type	Nos	Area in Acre
(pink)	A	132	60.61
(blue)	B	137	31.45
(red)	S	10	2.93
	Total	279	94.99



Landuse Category	Area(Sq.ft)	Area in Acre	%	%
UGRES	52521.03	1.21	0.30	
P.ST	25952.88	0.60	0.15	
Medicle Center	27001.36	0.62	0.15	
Fire Station	24228.26	0.56	0.14	
Mosque	24228.26	0.56	0.14	
Admin Block	108180.93	2.48	0.62	
E.S.ST	52302.69	1.20	0.30	
DTW	36966.42	0.85	0.21	
Dumping Yard	157135.58	3.61	0.90	
Security and Custom	24542.20	0.56	0.14	
DRS	42922.57	0.99	0.25	
T&T	20649.02	0.47	0.12	
PDB/REB	85649.16	1.97	0.49	3.92
Lake	767179.06	17.61	4.40	4.40
Road	3361700.11	77.17	19.29	19.29
S	1053230.60	24.18	6.04	
A	6640000.00	152.43	38.11	
B	4290000.00	98.48	24.62	68.78
Green Space	629402.07	14.45	3.61	3.61
Total	17423792.19	400.00	100.00	100.00

Proposed details of plots		Nos
A	20000 Sft	332
B	10000 Sft	429
S	9054 to 26437 Sft	68
Total		829

Approved layout plan (815th Meeting of BSCIC Board)

Prepared By		Examined By	
Fazlur 23.01.2025 মোঃ ফজলুর রহমান কারিগরি কর্মকর্তা পুরকৌশল বিভাগ বিসিক, ঢাকা	26-01-25 মুবাশশিরা তাবাসসুম সহকারী প্রকৌশলী প্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়ন বিভাগ বিসিক, ঢাকা।	26/01/25 প্রকৌ. মোহাম্মদ রাশেদুর রহমান উপ-মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত) প্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়ন বিভাগ বিসিক, ঢাকা। 26.01.25 (প্রকৌঃ এ.কে.এম. বজলুর রশীদ) প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত) পুরকৌশল বিভাগ, বিসিক, ঢাকা।	26/01/25 মোঃ আব্দুল মতিন (উপসচিব) পরিচালক (প্রকৌশল ও প্রকল্প বাস্তবায়ন) বিসিক